**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৯৯/২০১৭**

**ঢাকা, রোববার ২১ মে ২০১৭,৭ জ্যৈষ্ঠ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। দুঃখী মানুষের ভাগ্য পরিবর্তন না হওয়া পর্যন্ত সংগ্রাম চলবে : প্রধানমন্ত্রী

২। এআইএ সম্মেলনে যোগ দিতে সৌদি আরবে গেলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৩। বঙ্গবন্ধু ছিলেন শান্তির দূত : বাণিজ্যমন্ত্রী

৪। আজকের বাংলাদেশ বিশ্বের বুকে প্রশংসিত : আইনমন্ত্রী

৫। দেশে তৃতীয় পন্থা বা মধ্য পন্থার কোনো সুযোগ নেই : তথ্যমন্ত্রী

৬। সাড়ে ৬ হাজার মেগাওয়াট বিদ্যুৎ আমদানির পরিকল্পনা
: বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী

৭। প্রধানমন্ত্রী শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছেন : স্পিকার

৮। নগরীর দেয়ালে চিত্রকর্ম প্রদর্শনের ব্যবস্থা করা হবে : ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র

৯। নতুন ভ্যাট আইনে পণ্যমূল্য বাড়বে না : এনবিআর

১০। ৫৮ ভাগ নারী গণপরিবহণে উঠতে পারেন না : অ্যাকশন এইডের প্রতিবেদন

চলমান পাতা-২

**১। দুঃখী মানুষের ভাগ্য পরিবর্তন না হওয়া পর্যন্ত সংগ্রাম চলবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তৃণমূল পর্যায় পর্যন্ত সংগঠনকে শক্তিশালী করার আহ্বান জানিয়ে দলের নেতা কর্মীদের উদ্দেশে বলেছেন, দুঃখী মানুষের ভাগ্য পরিবর্তনের আগ পর্যন্ত এই সংগ্রাম অব্যাহত থাকবে। তিনি বলেন, আওয়ামী লীগের নেতা-কর্মীরা তাদের সংগ্রাম অব্যাহত রাখবে, যে পর্যন্ত না বঙ্গবন্ধুর স্বপ্ন পুরণের মাধ্যমে দুঃখী মানুষের ভাগ্যের কোনো পরিবর্তন হচ্ছে। গতকাল ২০ মে শনিবার প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে অনুষ্ঠিত সংগঠনের বর্ধিত সভায় তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক, জনকণ্ঠ, যুগান্তর, ইনকিলাব, নিউজ টুডে, ইন্ডিপেনডেন্ট, বাংলাদেশ টুডে, নিউ এজ,** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**২। এআইএ সম্মেলনে যোগ দিতে সৌদি আরবে গেলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

বাদশাহ সালমান বিন আবদুল আজিজ আল-সউদের আমন্ত্রণে সৌদি আরব পৌঁছেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ রোববার রিয়াদে অনুষ্ঠেয় 'আরব ইসলামিক আমেরিকান (এআইএ) সম্মেলনে' যোগ দেবেন তিনি। এ সম্মেলনে যোগ দিতে গতকাল ২০ মে শনিবার রিয়াদে পৌঁছান যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সম্মেলনের ফাঁকে তার সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠকেরও সম্ভাবনা রয়েছে। গতকাল ২০ মে শনিবার রাত ৮টা ১০ মিনিটে বাংলাদেশ বিমানের একটি ভিভিআইপি ফ্লাইটে রওনা দিয়ে রাতে রিয়াদে পৌঁছান প্রধানমন্ত্রী ও তার সফরসঙ্গীরা। সেখান থেকে মোটর শোভাযাত্রায় রিয়াদের মোভেনপিক হোটেলে নিয়ে যাওয়া হয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে। সফরের দু'দিন এখানেই অবস্থান করবেন তিনি। সম্মেলনে অন্তত ৪১টি মুসলিম দেশের রাষ্ট্র ও সরকার প্রধানরা অংশ নেবেন। আজ রিয়াদের বাদশাহ আবদুল আজিজ আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আরব-ইসলামিক আমেরিকান সম্মেলন অনুষ্ঠিত হবে। সম্মেলনে 'গ্লোবাল সেন্টার ফর কমবেটিং এক্সট্রিমিস্ট থট' শীর্ষক উদ্বোধন অনুষ্ঠানেও যোগ দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সৌদি বাদশাহর দেওয়া এক ভোজেও অংশ নেবেন তিনি। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম জানান, সম্মেলনের যোগ দেওয়ার পাশাপাশি প্রধানমন্ত্রী ওমরাহ পালন এবং মদিনায় মহানবী (স.) এর রওজা জিয়ারত করবেন। আগামী ২৩ মে মঙ্গলবার রাতে প্রধানমন্ত্রীর ঢাকায় ফেরার কথা রয়েছে। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

**৩। বঙ্গবন্ধু ছিলেন শান্তির দূত : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু ছিলেন শান্তির দূত। বঙ্গবন্ধু বলতেন আমি শোষিতের পক্ষে। তিনি মানুষকে ভালোবাসতেন, যখন বক্তব্য দিতেন তখন মানুষের চোখের দিকে তাকিয়ে কথা বলতেন। সবাইকে আপন করে নিতেন। বঙ্গবন্ধুর সঙ্গে বিশ্বের অনেক রাষ্ট্রে গিয়েছি, কাছ থেকে বক্তৃতা শুনেছি। বঙ্গবন্ধু যে রাষ্ট্রে যেতেন, যে কোনো অনুষ্ঠানেই হাজির হতেন, সেখানে আলো ছড়িয়ে পড়ত। তিনিই হয়ে উঠতেন অনুষ্ঠানের মধ্যমনি। গতকাল ২০ মে শনিবার জাতীয় প্রেস ক্লাবের ভিআইপি লাউঞ্জে জুলিওকুরি 'বঙ্গবন্ধু শান্তি সংসদ আয়োজিত বঙ্গবন্ধু শান্তি পদক' প্রদান অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন বাণিজ্যমন্ত্রী। অনুষ্ঠানে আবদুল গাফ্ফার চৌধুরীকে বঙ্গবন্ধু শান্তি পদক দেওয়া হয়। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮)।

**৪। আজকের বাংলাদেশ বিশ্বের বুকে প্রশংসিত : আইনমন্ত্রী**

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক বলেছেন, উন্নয়নের জন্য আজকের বাংলাদেশ বিশ্বের বুকে সমাদৃত। বাংলাদেশ মানে আর ভিক্ষার ঝুলি নিয়ে ঘুরাঘুরি নয়। গত ১৯ মে শুক্রবার ব্রাহ্মণবাড়িয়ার কসবা উপজেলার গোপীনাথপুর ইউনিয়নের জয়নগর গ্রামে বিদ্যুতের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.২,ক.৮), **অবজারভার** (পৃ.১০,ক.১)।

**৫। দেশে তৃতীয় পন্থা বা মধ্য পন্থার কোনো সুযোগ নেই : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, দেশে যে পরিস্থিতি চলছে তাতে তৃতীয় পন্থা বা মধ্য পন্থার কোনো সুযোগ নেই। যারা তৃতীয় পন্থা বা মধ্য পন্থার নামে বিএনপি-জামায়াতকে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে রাজনৈতিক সাহায্য করছেন,

তাদের এ আত্মঘাতী পথ পরিহার করে ১৪ দলের মহাজোটে শামিল হওয়া উচিত। বিএনপি-জামায়াত বাংলাদেশের জন্য স্থায়ী বিপদ। শুধু আগামী ২০১৯ সালের নির্বাচনেই নয়, তাদের চিরদিনের জন্য বর্জন করতে



হবে। গতকাল ২০ মে শনিবার রাজধানীর মহানগর নাট্যমঞ্চে কাজী বশির মিলনায়তনে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **যুগান্তর** (পৃ.১৭,ক.৪)।

**৬। সাড়ে ৬ হাজার মেগাওয়াট বিদ্যুৎ আমদানির পরিকল্পনা : বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন, ২০২১ সালের মধ্যে সাড়ে ৬ হাজার মেগাওয়াট বিদ্যুৎ আমাদানি করা হবে। আঞ্চলিক ও উপ-আঞ্চলিক সহযোগিতার মাধ্যমে এ বিদ্যুৎ আনা হবে। তিনি বলেন, পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান অনুযায়ী ২০২১ সালের মধ্যে ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। গত ১৮ মে বৃহস্পতিবার থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে বাংলাদেশ দূতাবাস ও বিদ্যুৎ জ্বালানি এবং খনিজ সম্পদ মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগে এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৬)।

**৭। প্রধানমন্ত্রী শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছেন : স্পিকার**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছেন। শিক্ষা ক্ষেত্রে আমাদের সন্তানদের সব ধরনের সুযোগ-সুবিধা দিয়ে মেধার মূল্যায়ণ করতে কাজ করে যাচ্ছে সরকার। সিপিএ চেয়ারপারসন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী গতকাল ২০ মে শনিবার রংপুরের পীরগঞ্জে এসে খালাশপীর বঙ্গবন্ধু ডিগ্রি কলেজে এসএসসি পর্যায়ে কৃতী ছাত্রছাত্রীদের সংবর্ধনা অনুষ্ঠানে এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫)।

**৮। নগরীর দেয়ালে চিত্রকর্ম প্রদর্শনের ব্যবস্থা করা হবে : ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র**

ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক বলেছেন, আগামী ৬ মাসের মধ্যে ঢাকার পাঁচ থেকে ছয়টি স্থানের দেয়ালে বিখ্যাত শিল্পীদের চিত্রকর্ম প্রদর্শনের ব্যবস্থা করা হবে। গতকাল ২০ মে শনিবার শিল্পকলা একাডেমির চিত্রশালায় 'শিল্পের চোখে সবুজ ঢাকা আর্ট ক্যাম্প'-এর উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। ৩০০ শিল্পীর অংশগ্রহণে মানুষকে গাছের প্রতি আগ্রহী ও সচেতন করে তুলতে এ ক্যাম্পেইনের আয়োজন করে উত্তর সিটি করপোরেশন। সূত্র-**ইত্তেফাক** (পৃ. ৩,ক.৫), **ইনকিলাব** (পৃ.৩,ক.৬)।

**৯। নতুন ভ্যাট আইনে পণ্যমূল্য বাড়বে না : এনবিআর**

নতুন ভ্যাট আইনে পণ্যমূল্য বাড়বে না বলে আশ্বস্ত করেছে জাতীয় রাজস্ব বোর্ড। অনলাইনে নতুন ভ্যাট আইন কার্যকরের প্রাক্কালে সংস্থাটির পক্ষ থেকে বলা হয়েছে, কৃষি ও জরুরী ওষুধ পণ্যসহ নিত্যপ্রয়োজনীয় পণ্য নতুন ভ্যাট আইনের আওতার বাইরে রয়েছে। ফলে আগামী জুলাই থেকে নতুন ভ্যাট আইন বাস্তবায়ন শুরু হলে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্যবৃদ্ধি ঘটবে না। নির্মাণ সামগ্রীর মতো দু'একটি পণ্যের দাম কিছুটা বাড়লেও সার্বিকভাবে মূল্যস্ফীতির কোনো শঙ্কা নেই। তবে নতুন ভ্যাট আইনের দোহাই দিয়ে কেউ যাতে পণ্যমূল্য বাড়াতে না পারে সে ব্যাপারে সবাইকে সজাগ থাকার আহ্বান জানিয়েছেন জাতীয় রাজস্ব বোর্ড কর্মকর্তারা। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৬)।

**১০। ঢাকা শহরের ৫৮ ভাগ নারী গণপরিবহণে উঠতে পারেন না : অ্যাকশন এইডের প্রতিবেদন**

অতিরিক্ত ভিড়ের কারণে ঢাকা শহরের ৫৮ শতাংশ নারী গণপরিবহণে উঠতে পারেন না। ৫৬ ভাগ নারী পরিবহণ ব্যবস্থার বিশৃঙ্খলার কারণে ঘরের বাইরে যেতে চান না। আর ২৬ ভাগ নারী বলছেন, নিরাপত্তার অভাবে

তাদের পরিবার ঘরের বাইরে যেতে দেয় না। অ্যাকশন এইড বাংলাদেশের ‘নারী সংবেদনশীল নগর পরিকল্পনা’ বিষয়ক গবেষণায় এমন চিত্র উঠে এসেছে। গতকাল ২০ মে শনিবার গুলশান কার্যালয়ে ‘বিশ্ব নিরাপদ নগরী দিবস’ উপলক্ষে গবেষণাটি প্রকাশ করা হয়। এতে উল্লেখ করা হয়, রাজধানীর ৭৮ দশমিক ৫ ভাগ নারী বলেছেন, বাসের সংখ্যা অপ্রতুল। ২২ দশমিক ৫ ভাগ নারী বাসের স্টাফ এবং সহযাত্রী দ্বারা যৌন হয়রানির শিকার হন। ৬১ দশমিক ভাগ নারীর মতে ফুটপাত যথেষ্ট প্রশস্ত নয় বলে চলাচলে সমস্যা হয়। ৯৩ দশমিক ৫ ভাগ নারী নিরাপত্তা ও সুবিধার অভাবে পাবলিক টয়লেট ব্যবহার করেন না। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.১)।

=৪=

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক, সংবাদ :** বেসরকারি স্কুল কলেজ মাদ্রাসার অবসরপ্রাপ্ত শিক্ষক ও কর্মচারীদের অবসরকালীন ভাতা পেতে যে বিড়ম্বনার সৃষ্টি হয় তা নিরসনে যথাযথ পদক্ষেপ নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **প্রথম আলো :** আগামী দিনের ভবিষ্যৎ কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবায় সরকার ও সংশ্লিষ্টদের পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ ।

গ. **জনকণ্ঠ :** ভুল চিকিৎসার শিকার হয়ে রাজধানীর এক বেসরকারি হাসপাতালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রীর মৃত্যুর অভিযোগ তুলে হাসপাতালে শিক্ষার্থীরা ভাংচুর চালানোয় হাসপাতালের দায়িত্বরতরা কর্মবিরতিতে যাওয়ায় সেখানে চিকিৎসাধীন রোগীরা চরম বিপাকে পড়েছে উল্লেখ করে এ ধরনের পরিস্থিতিতে আইন নিজের হাতে তুলে না নেওয়ার আহ্বান।

ঘ. **সমকাল, প্রথম আলো, যুগান্তর :** অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার পদে নিয়োগের লিখিত পরীক্ষার প্রশ্ন ফাঁস হওয়ার ঘটনার সাথে জড়িতদের শাস্তির দাবি।

ঙ. **ভোরের কাগজ :** রমজানের আগে নিত্যপণ্যের মূল্য বৃদ্ধিতে উদ্বেগ প্রকাশ করে এ ব্যপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** নোয়াখালি, গাজীপুর ও গাইবান্ধা জেলার ৫৫টি স্কুল থেকে প্রাথমিক সমাপনী পরীক্ষায় কেউ উত্তীর্ণ না হওয়ায় সরকার এসব স্কুলকে ‘কালো তালিকাভুক্ত’ করে আইনি পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্তের বিষয় তুলে ধরে শিক্ষার গুণগত মান বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি সান :** ঢাকা বিশ্ববিদ্যালয়ে মোট বার্ষিক ব্যয়ের খুবই সামান্য অংশ গবেষণা কাজে ব্যয় করার চিত্র তুলে ধরে সরকারকে এ ব্যাপারে উদ্যোগী হয়ে গবেষণা কাজে আর্থিক সহায়তা বাড়নোর সুপারিশ।

জ. **ডেইলি স্টার :** নীলফামারীর কৃষকদের কাছ থেকে গম কেনায় ধীরগতি ও মধ্যস্বত্বভোগীদের কারণে কৃষকরা লোকসানের মুখোমুখি হওয়ায় কর্তৃপক্ষকে কৃষকের স্বার্থে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার প্রত্যাশা।

ঝ. **নিউ এজ, নিউ নেশন :** সড়ক পরিবহণ খাতে যথাযথভাবে পরিকল্পনা নেওয়ার লক্ষ্যে পরিবহণ খাতের সংশ্লিষ্টদের একত্রিত হয়ে একটি কম্প্রিহেনসিভ ডাটাবেজ তৈরি করার আহ্বান।

ঞ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** ঢাকার কেন্দ্রীয় গণ গ্রন্থাগারকে ১৩ তলা বিশিষ্ট কমপ্লেক্স করার জন্য পর্যাপ্ত ফান্ড প্রদানে পরিকল্পনা কমিশনের প্রতি গ্রন্থাগার কর্তৃপক্ষের আবেদনকে গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে আমাদের আগামী দিনে কৃষির যান্ত্রিকীকরণে ও গ্রামীণ উন্নয়নে টেকসই কৌশল গ্রহণের স্বার্থেই যথোপযুক্ত গবেষণার কোনো বিকল্প নেই বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা'** শিরোনামের নিবন্ধে মুসাহিদ উদ্দিন আহমদ দুর্যোগ পরবর্তী পরিস্থিতি মোকাবিলায় দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রম অব্যাহত রেখে দুর্যোগে ক্ষতিগ্রস্থ মানুষের ত্রাণ বিতরণ ও পুনর্বাসনে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগকে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা